আলমডাঙ্গার মুন্সিগঞ্জে বিট পুলিশিং কার্যক্রমের উদ্বোধন

পুলিশের সেবা শুধু থানায় নয়, মানুষের বাড়িতে বাড়িতে পৌছে দিতে বিট পুলিশিং কার্যক্রম শুরু করেছে পুলিশ। রবিবার (১২ জুলাই) বিকেলে আলমডাঙ্গার মুন্সিগঞ্জ ইউনিয়ন পরিষদ চত্বরে বিট পুলিশিং কার্যক্রমের উদ্বোধন করা হয়।
আলমডাঙ্গা থানার অফিসার ইনচার্জ আলমগীর কবীরের সভাপতিত্বে বিট পুলিশিং কার্যক্রম-২০২০‘র উদ্বোধন অনুষ্ঠানে প্রধান অতিথি হিসেবে উপস্থিত ছিলেন জেলা পুলিশ সুপার জাহিদুল ইসলাম। বিশেষ অতিথি ছিলেন অতিরিক্ত পুলিশ সুপার কনক কুমার দাস। জেহালা ইউনিয়ন আওয়ামীলীগের সভাপতি আব্দুল হান্নান ও সাধারন সম্পাদক আব্দুল হান্নান মাস্টার।
অনুষ্ঠানে প্রধান অতিথি পুলিশ সুপার জাহিদুল ইসলাম তাঁর বক্তব্যে বলেন, পুলিশ দেশের মানুষের সেবাই নিয়োজিত রয়েছে। সেবার হাত মানুষের বাড়িতে বাড়িতে পৌছে দিতে বিভিন্ন পদক্ষেপ নেওয়া হচ্ছে। বিট পুলিশিং কার্যক্রম তারই একটি অংশ।
তিনি বলেন, উপজেলার প্রত্যন্ত গ্রাম থেকে একজন তার মুল্যবান সময় নষ্ট করে থানায় আসছেন। আমরা তাকে থানায় না এনে তার কাছে গিয়ে সমস্যার সমাধারন করতে চাই। এ জন্য প্রতিটি ইউনিয়নে বিট পুলিশিং কার্যক্রম চালু করা হচ্ছে। জনগনের সমস্যা ইউনিয়নে বসেই পুলিশ সমাধান করে দিবে।
অনুষ্ঠানটি পরিচালনা করেন থানার ওসি (তদন্ত) মাসুদুর রহমান। এ সময় উপস্থিত ছিলেন থানার ওসি (অপারেশন) স্বপন কুমার পাল ও থানার সেকেন্ড অফিসার রফিকুল ইসলাম প্রমুখ।

বিনোদন জগতে ফের মৃত্যু, চলে

[redacted]

[redacted]

[redacted]

[redacted]

[redacted]

[redacted]

[redacted]

[redacted]

[redacted]

[redacted]

[redacted]

[redacted]

[redacted]

[redacted]

[redacted]

[redacted]

অন্যদিকে অমিতাভের জীবনসঙ্গী জয়া বচ্চন এবং কন্যা শ্বেতা নন্দার রিপোর্ট নেগেটিভ এসেছে বলে জানা গেছে। শ্বেতার দুই সন্তান অগস্ত্য এবং নভ্যা নভেলির করোনা রিপোর্টও নেগেটিভ এসেছে। অভিষেক বচ্চনও আগের চেয়ে ভালো আছেন। প্রশাসনের পক্ষ থেকে ইতিমধ্যেই বচ্চন পরিবারের বিলাসবহুল বাড়ি ‘জলসা’ জীবানুমুক্ত করার কাজ শুরু হয়েছে।

কালের কণ্ঠ

ঈদগাহে নয়, মসজিদেই হবে ঈদুল আজহার জামাত

ঈদুল ফিতরে বায়তুল মোকারর জাতীয় মসজিদে নামাজের অপেক্ষায় মুসল্লিরা। ছবি: সংগৃহীত
করোনাভাইরাসের সংক্রমণের কারণে জনস্বাস্থ্য বিবেচনায় ঈদুল আজহার নামাজের জামাতও ঈদগাহ/উন্মুক্ত স্থানের পরিবর্তে মসজিদে আদায় করার সিদ্ধান্ত দিয়েছে সরকার।

রোববার (১২ জুলাই) সচিবালয়ে এক আন্তঃমন্ত্রণালয় সভায় এ সিদ্ধান্ত হয়। এতে সভাপতিত্ব করেন ধর্মবিষয়ক মন্ত্রণালয়ের সচিব মো. নুরুল ইসলাম।

সভায় যথাযোগ্য মর্যাদা, ভাবগাম্ভীর্য এবং আনন্দমুখর পরিবেশে পবিত্র ঈদুল আজহা উদযাপনের লক্ষ্যে বিভিন্ন কর্মসূচি প্রণয়ন ও সুষ্ঠুভাবে বাস্তবায়নের লক্ষ্যে বিভিন্ন সিদ্ধান্ত গৃহীত হয়।

এ বছর করোনা সংক্রমণ পরিস্থিতি বিবেচনায় স্বাস্থ্যবিধি অনুসরণপূর্বক ঈদের প্রধান জামাত জাতীয় ঈদগাহের পরিবর্তে জাতীয় মসজিদ বায়তুল মোকাররমে অনুষ্ঠিত হবে। এছাড়া সামাজিক দূরত্ব রেখে নামাজ আদায়, নামাজ শেষে কোলাকুলি এবং হাত না মেলাতে বলা হয়।

ইসলামিক ফাউন্ডেশনের মহাপরিচালক মো. আনিছ মাহমুদের পরিচালনায় অনুষ্ঠিত সভায় মন্ত্রিপরিষদ বিভাগ, প্রধানমন্ত্রীর কার্যালয়,

স্বরাষ্ট্র, স্বাস্থ্য ও পরিবার কল্যাণ, স্থানীয় সরকার,পল্লী উন্নয়ন ও সমবায়, তথ্য, জনপ্রশাসন, মৎস্য ও প্রাণিসম্পদ মন্ত্রণালয়, ঢাকা দক্ষিণ সিটি কর্পোরেশন, ইসলামিক ফাউণ্ডেশনসহ বিভিন্ন মন্ত্রণালয়, বিভাগ, দফতর সংস্থার প্রতিনিধিরা এ ভার্চুয়াল সভায় অংশগ্রহণ করেন।

সভায় দেশের শীর্ষস্থানীয় আলেমদের মধ্যে আল্লামা ফরিদ উদ্দিন মাসউদ, আল্লামা মুফতি রুহুল আমিন, মাওলানা আনাস মাদানী, মুফতি দিলাওয়ার হোসাইন, মাওলানা নুরুল আমিন, হাফেজ মাওলানা আব্দুল আলিম রিজভী, মুফতি মাওলানা সাজিদুর রহমান, মাওলানা ড. কাফিলুদ্দীন সরকার সালেহী, মাওলানা আব্দুর রাজ্জাক, মাওলানা মোসাদ্দিক বিল্লাহ আল মাদানী, মাওলানা মাহফুজুল হক প্রমুখ দেশের বিভিন্ন স্থান থেকে এ ভার্চুয়াল সভায় অংশগ্রহণ করে তাদের মতামত প্রদান করেন।

জিলহজ মাসের চাঁদ দেখা সাপেক্ষে আগামী ৩১ জুলাই বা ১ আগস্ট মুসলমানদের দ্বিতীয় বড় ধর্মীয় উৎসব পবিত্র ঈদুল আজহা বা কোরবানির ঈদ উদযাপিত হবে।az

ঝিনাইদহে মরমী কবি পাগলা কানাইয়ের মৃত্যুবার্ষিকী পালন

‘মরণের আগে মর, সমনকে শান্ত কর, যদি তাই করতে পার, ভব পারে যাবিরে মন রসনা’ এমন হাজারো মরমী গানের শ্রষ্টা ঝিনাইদহের মরমী কবি পাগলা কানাইয়ের ১শ’ ৩১তম মৃত্যুবার্ষিকী পালন করা হয়েছে। এ উপলক্ষে রোববার সকালে সদরের বেড়বাড়ি গ্রামে কবির মাজারে ফুল দিয়ে শ্রদ্ধা জানায় পাগলা কানাই স্মৃতি সংরক্ষণ সংসদ।

পরে সেখানে বিশেষ দোয়া ও সংক্ষিপ্ত আলোচনা সভার আয়োজন করা হয়। এসময় সদর উপজেলা চেয়ারম্যান এ্যাড. আব্দুল রশীদ, নির্বাহী কর্মকর্তা বদরুদ্দোজা শুভ, পাগলাকানাই ইউপি চেয়ারম্যান এ. কে এম নজরুল ইসলামসহ বিভিন্ন শ্রেণি পেশার মানুষ উপস্থিত ছিলেন। অনুষ্ঠানে মরমী কবির জীবন ও কর্ম নিয়ে আলোচনা করেন বক্তারা।

শেষে পরিবেশিত হয় কবির রচিত গান।

মেপ্র/আরজেএম

করোনা কেড়ে নিল আরও ৪৭ প্রাণ, মোট মৃত্যু ২৩৫২

করোনাভাইরাসে গত ২৪ ঘণ্টায় দেশে আরও ৪৭ জনের মৃত্যু হয়েছে। এ নিয়ে দেশে মোট ২ হাজার ৩৫২ জন কোভিড রোগী মারা গেলেন।

এই সময়ে ২ হাজার ৬৬৬ জন শনাক্ত হয়েছেন। এ নিয়ে দেশে মোট শনাক্ত হলেন ১ লাখ ৮৩ হাজার ৭৯৫ জন।

গত ২৪ ঘণ্টায় সুস্থ হয়েছেন ৫ হাজার ৫৮০ জন এবং মোট সুস্থ ৯৩ হাজার ৬১৪ জন।

রোববার স্বাস্থ্য অধিদফতরের অতিরিক্ত মহাপরিচালক নাসিমা সুলতানা নিয়মিত ব্রিফিংয়ে এসব তথ্য জানান।

তিনি জানান, গত ২৪ ঘণ্টায় ১১ হাজার ২১০টি নমুনা সংগ্রহ করা হয়েছে। এর মধ্যে ১১ হাজার ৫৯টি নমুনা পরীক্ষা করে ২ হাজার ৬৬৬ জনের দেহে করোনা শনাক্ত হয়েছে। মোট আক্রান্ত ১ লাখ ৮৩ হাজার ৭৯৫ জন।

গত ২৪ ঘণ্টায় শনাক্তের হার ২৪ দশমিক ১১ শতাংশ।

ডা. নাসিমা জানান, গত ২৪ ঘণ্টায় ৪৭ জন মারা গেছেন। এর মধ্যে পুরুষ ৩৬ জন ও নারী ১১ জন। এ নিয়ে মোট মারা গেলেন ২ হাজার ৩৫২ জন।

এ পর্যন্ত যারা মৃত্যুবরণ করেছেন তাদের মধ্যে পুরুষের সংখ্যা এক হাজার ৮৬০ জন আর নারী ৪৯২ জন।

তিনি আরও জানান, গত ২৪ ঘণ্টায় সুস্থ হয়েছেন ৫ হাজার ৫৮০ জন। এ পর্যন্ত সুস্থ ৯৩ হাজার ৬১৪ জন।

শনাক্ত বিবেচনায় সুস্থতার হার ৫০ দশমিক ৯৩ শতাংশ ও মৃত্যুর হার ১ দশমিক ২৮ শতাংশ।

প্রসঙ্গত গত বছরের ৩১ ডিসেম্বর চীনের হুবেই প্রদেশের উহান শহর থেকে প্রথম করোনাভাইরাস শনাক্ত হয়। দেশে প্রথম কোভিড-১৯ রোগীশনাক্ত হন ৮ মার্চ এবং এ রোগে আক্রান্ত প্রথম রোগীর মৃত্যু হয় ১৮ মার্চ। সূত্র-যুগান্তর

মেপ্র/আরজেএম

জনপ্রশাসন প্রতিমন্ত্রীর দেওয়া মাস্ক স্বাস্থ্যকর্মীদের মাঝে বিতরণ

করোনার প্রকট থেকে রক্ষা পেতে জনপ্রশাসন প্রতিমন্ত্রীর দেওয়া মাস্ক বল্লভপুর মিশন হাসপাতালের স্বাস্থকর্মিদের মাঝে বিতরন করেছেন বাগোয়ান ইউনিয়ন পরিষদের চেয়ারম্যান আয়ূব হোসেন।

রবিবার দুপুরে তিনি হাসপাতালে উপস্থিত হয়ে এ সকল মাস্ক সকল স্বাস্থকর্মিদের হাতে তুলে দেন। এ সময় ইউপি সদস্য সংকর বিশ্বাস, ৬ নং ওয়ার্ড আওয়ামীলীগের সভাপতি সুজিত মল্লিক, ইউনিয়ন আওয়ামীলীগ নেতা বিকাশ বিশ্বাস উপস্থিত ছিলেন।

এর আগে প্রতিমন্ত্রীর দেওয়া বিতরনকৃত মাস্ক জনগনের মাঝে পৌছায়ে দেবার জন্য মুজিবনগর প্রেসক্লাবের সাধারন সম্পাদক শেখ শফিউদ্দীন এর হাতে ৫০ পিচ মাস্ক তুলে দেন বাগোয়ান ইউনিয়ন পরিষদের চেয়ারম্যান আয়ূব হোসেন।

[redacted]

[redacted]

মেহেরপুরে আশি দিনে শতক ছুঁলো আক্রান্ত

গত ২৪ ঘন্টায় চারজনের ফলাফল পাওয়া গেছে। এর মধ্যে তিনটি পজিটিভ। একটি ফলোআপ। নতুন আক্রান্তরা ফলোআপ রোগীর স্ত্রী ও ছেলে। এনিয়ে গতকাল শনিবার পর্যন্ত আক্রান্তের সংখ্যা শতকে পূর্ণ হলো। গত ২২ এপ্রিল প্রথম করোনা রোগী সনাক্ত হয় মুজিবনগরের বল্লভপুরে। এর পর থেকে ক্রমান্বয়ে বাড়তে বাড়তে এক শতকে পৌঁছালো। সংক্রমণের আশি দিনে মেহেরপুরে শতকের ঘরে হানা দিল করোনা। তবে জেলায় আক্রান্তের এ সংখ্যা অন্যান্য জেলার তুলনায় কম। এখনো পর্যন্ত মেহেরপুর জেলা মোটামুটি ভাবে করোনা নিয়ন্ত্রণে রয়েছে বলে বিভিন্ন জনের দাবি।
গতকালের রিপোর্ট পেয়ে সিভিল সার্জন জানান, কুষ্টিয়া পিসিআর ল্যাব থেকে ৪টি নমুনা পরীক্ষার ফলাফল পাওয়া গেছে। এর মধ্যে ৩টি করোনা পজেটিভ ও ১টি নেগেটিভ। আক্রান্তরা হলেন, সাহেবনগর গ্রামের জাহিদুল ইসলাম (ফলোআপ), তার স্ত্রী মিম আরা ও ছেলে আবির হোসাইন।
গতকালের রিপোর্ট নিয়ে গাংনী উপজেলা স্বাস্থ্য ও পরিবার পরিকল্পনা কর্মকর্তা ডা: মো: রিয়াজুল আলম জানান, জাহিদুল ইসলাম সম্প্রতি করোনা আক্রান্ত হন। পুনরায় তার নমুনা পরীক্ষার জন্য ল্যাবে পাঠানো হলে সেখান থেকে করোনা পজেটিভ বলে নিশ্চিত করে। এছাড়া জাহিদুল ইসলামের সংস্পর্শে এসে তার স্ত্রী ও সন্তান করোনা সংক্রমিত হয়েছে বলে ধারনা করা হচ্ছে।
সিভিল সার্জন নাসির উদ্দিন জেলার করোনা পরিস্থিতি নিয়ে বলেন,স্বাস্থ্য বিভাগের পক্ষ থেকে করোনা আক্রান্তদের সার্বিক খোঁজ খবর নেয়া হচ্ছে। কাউকে আতঙ্কিত না হয়ে স্বাস্থ্যবিধি মেনে চলার আহবান জানানো হচ্ছে। স্বাস্থ্য বিভাগের কর্মীরা নিরলসভাবে জেলায় করোনা নিয়ন্ত্রণ রাখতে কাজ করছে। স্বাস্থ্য বিভাগের পরামর্শ মেনে চললে জেলাকে করোনা নিয়ন্ত্রণে রাখা সম্ভব হবে। পুলিশ সুপার এস এম মুরাদ আলী বলেন, করোনা সংক্রমণের শুরু থেকে জেলা পুলিশ বিভিন্ন পদক্ষেপ গ্রহণ করেছে। জেলায় ১৫ সদস্যর একটি কুইক রেসপন্স টিম গঠন করা হয়েছে। এই টিমকে সহায়তা করার জন্য উপজেলা পর্যায়েও টিম গঠন করা হয়েছে। করোনা প্রতিরোধে দিনে দফায় দফায় সাধারণ মানুষের মাঝে সচেতনতা সৃষ্টির কাজ চলমান রয়েছে। একাজ করতে গিয়ে জেলা পুলিশের অনেকেই করোনা আক্রান্ত হয়েছেন। তবুও